

**P.G. Semester-II Examination, 2023****বাংলা****Course ID : 20151****Course Code : BNG201C****Course Title : উনিশ শতকের আধুনিক বাংলা কাব্য ও কবিতা**

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য' বাংলা ভাষায় রচিত প্রথম প্রগতি সাহিত্য' — উক্তিটির যথার্থতা বিচার করো।

খ) 'মধুসূদনের রাবণ বিধিবদ্ধরাবণ' — উক্তিটির সারবত্তা বিচার করো।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১০×১=১০

ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত 'পদ্মিনী উপাখ্যান' টডের রাজস্থান কাহিনির অবিনির্মাণ—এই মন্তব্যের যথার্থতা বিচার করো।

খ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় তাঁর 'পদ্মিনী উপাখ্যান' কাব্যে সমকালীন বঙ্গীয় বাস্তবতাকে ভাষা দিতে গিয়ে রাজস্থানের লোকশ্রুতি নির্ভর ইতিহাসকথাকে অবলম্বন করেছেন — উক্তিটির আলোকে কাব্যটি বিশ্লেষণ করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ১০×১=১০

ক) বিহারীলাল চক্রবর্তী রচিত 'সাধের আসন' কাব্যে সারদার সঙ্গে কবির সম্পর্কের যে পরিচয় বিধৃত হয়েছে তা ব্যাখ্যা করো।

খ) গিরীন্দ্রমোহিনী দাসীর কবিতায় উনিশ শতকের বাঙালি নারীর 'ঘরের কথা' উৎকীর্ণ হয়েছে — পাঠ্য কবিতা অবলম্বনে উক্তিটির যৌক্তিকতা বিচার করো।

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

ক) মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'-এর চিত্রাঙ্গদা চরিত্রটি রেনেসাঁদীপ্ত নারী হয়ে উঠেছে — উক্তিটির আলোকে চিত্রাঙ্গদা চরিত্রটি বিশ্লেষণ করো।

খ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত 'পদ্মিনী উপাখ্যান' কাব্যের সংক্ষেপে শ্রেণিবিচার করো।

গ) বিহারীলাল চক্রবর্তী রচিত 'সাধের আসন' মিস্টিক কাব্য কিনা বিচার করো।

ঘ) কামিনী রায় রচিত 'মাতৃপূজা' কবিতার শৈলীর স্বাতন্ত্র্যের দিকগুলি বুঝিয়ে দাও।